

২০২০

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : CC-12

(নাটক ও নাট্যমঞ্চ)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) প্রহসন হিসাবে মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বুড় সালিকের ঘাড়ে রোঁ'-এর সার্থকতা বিচার করো। ১০
অথবা,
(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'মুক্তধারা' নাটকের অভিজিৎ চরিত্রটির পরিচয় দাও। ১০
- ২। (ক) 'কারাগার' নাটকটির নামকরণে মন্মথ রায়ের যে মনোভাব ব্যক্ত হয়েছে তা বিশ্লেষণ করে নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০
অথবা,
(খ) 'টিনের তলোয়ার' নাটকে উৎপল দত্তের বিশেষ কৃতিত্ব ময়না চরিত্রটির সৃজনে। — বিশ্লেষণ করো। ১০
- ৩। (ক) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে বেলগাছিয়া নাট্যশালার অবদান আলোচনা করো। ১০
অথবা,
(খ) সমকালীন নাটকের অভিনয়ের পরিপ্রেক্ষিতে 'নাট্যনিয়ন্ত্রণ বিল' সম্পর্কে আলোচনা করো। ১০
- ৪। (ক) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে হানিফ গাজী চরিত্রটি মাইকেল মধুসূদন দত্ত বিশেষ কারণে সৃষ্টি করেছেন। — ব্যাখ্যা করো। ৫
অথবা,
(খ) 'তোরা আমাকে যত জড়িয়ে ধরছিস তোদের সাঁতার শেখা ততই পিছিয়ে যাচ্ছে।' — প্রসঙ্গ উল্লেখ করে বক্তার মনোভাবের পরিচয় দাও। ৫
- ৫। (ক) 'কারাগার' নাটকে সংগীতের ভূমিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
অথবা,
(খ) 'আমি বাংলার গ্যারিক' — উক্তিটির মধ্য দিয়ে বক্তার যে মনোভাব প্রকাশ পেয়েছে তা আলোচনা করো। ৫

Please Turn Over

৬। (ক) 'বাগবাজার অ্যামেচার থিয়েটার' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৫

অথবা,

(খ) 'ন্যাশনাল থিয়েটার'-এর প্রতিষ্ঠার ইতিহাস সংক্ষেপে লেখো।

৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫×১

(ক) 'এই জলের শব্দে আমি আমার মাতৃভাষা শুনতে পাই'— তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) 'কারাগার আজ পুণ্যতীর্থ!'— উক্তিটি যে বিশেষ তাৎপর্য বহন করছে তা ব্যক্ত করো।

(গ) গণনাটি আন্দোলনের পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

(ক) 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ'— কত সালে প্রকাশিত হয়?

(খ) 'পুঁটি' চরিত্রটির বিশেষত্ব কোথায়?

(গ) 'অম্বা' চরিত্রটিকে তোমাদের পাঠ্য কোন নাটকে পাওয়া যায়?

(ঘ) বিদূরথ কে?

(ঙ) 'শুন গো ভারতভূমি

কত নিদ্রা যাবে তুমি'।— গানটি তোমাদের পাঠ্য কোন নাটকে ব্যবহার করা হয়েছে?

(চ) 'কারাগার' নাটকটির প্রকাশকাল কত?

(ছ) লেবেদফ্ কোন দেশের মানুষ ছিলেন?

(জ) 'জোড়াসাঁকো নাট্যশালা' প্রতিষ্ঠার মূল উদ্যোগীদের মধ্যে একজনের নাম লেখো।

(ঝ) বিজন ভট্টাচার্যের 'নবান্ন' নাটকটির প্রথম অভিনয় হয় কবে?

(ঞ) 'দেবতা তাদের কেবল জলই দিয়েছেন, আমাকে দিয়েছেন জলকে বাঁধবার শক্তি।'— কার উক্তি?

(ট) 'নাটক ছাড়া আর আমি ভাবতে পারি না, ভাবিনি কখনো'— উক্তিটি কার?

(ঠ) 'কারাগার' কোন শ্রেণির নাটক?

(ড) 'আমার জীবনের শ্রোত রাজবাড়ির পাথর ডিঙিয়ে চলে যাবে এই কথাটা কানে নিয়েই পৃথিবীতে এসেছি।'— কার উক্তি?

(ঢ) নবনাট্য আন্দোলন কাকে বলে?

(ণ) নবীনচন্দ্র বসুর শ্যামবাজারের থিয়েটারে কোন নাটকের অভিনয় হয়েছিল?